

মে মাসে প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন ঢাকায়

ঢাকা, ২৬ ডিসেম্বর ২০১৭

মে মাসে প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে সম্মেলন উদ্বোধন করতে পারেন।

আজ দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় টাঙ্কফোর্সের দ্বিতীয় সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

টাঙ্কফোর্সের সভাপতি দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ী সভায় সভাপতিত্ব করেন। টাঙ্কফোর্সের প্রধান উপদেষ্টা সায়মা হোসেন সভায় উপস্থিত ছিলেন। অন্যায়ের মধ্যে দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল, স্থানীয় সরকার বিভাগের সচিব আঃ মালেক, জননিরাপত্তা বিভাগের সচিব মোস্তফা কামাল উদ্দিন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাসিমা বেগম, সুরক্ষা সেবা বিভাগের সচিব ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সচিব জিল্লার রহমান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব ফয়েজ আহম্মদসহ বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও এনজিও এর প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় জানান হয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ঘূর্ণিঝড়প্রবণ ১৯টি জেলার প্রতিবন্ধী ব্যক্তিদের বিস্তারিত তথ্য সংগ্রহ ও ডাটাবেজ প্রণয়ন করেছে। ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত সারাদেশের ১৫,৪১,১৪৯ জন প্রতিবন্ধী ব্যক্তিকে ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ডাটাবেজে অন্তর্ভুক্তির কার্যক্রম চলমান আছে।

প্রশিক্ষণ কারিকুলামে অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে জানান হয়, দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিসমূহের ও কর্মকর্তাদের বিনিয়াদি প্রশিক্ষণ মডিউলে প্রতিবন্ধিতা বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা অধিদপ্তর ও 'নারী কনসোর্টিয়াম'-এর যৌথ উদ্যোগে জেলা পর্যায়ে প্রশিক্ষণ কোর্সটির পাইলটিং করা হয়েছে। এ প্রশিক্ষণ প্রদানের জন্য মাস্টার ট্রেনার পুল তৈরি করা হয়েছে। বিভিন্ন ট্রেনিং কোর্সে প্রতিবন্ধিতা বিষয় অন্তর্ভুক্তকরণে একটি পর্যালোচনা কমিটি গঠন করা হয়েছে। এ বছরে ৩ টি জেলার জেলা, উপজেলা দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণ কোর্সে প্রতিবন্ধিতা বিষয়ে ওরিয়েন্টেশন দেয়া হয়েছে।

স্থানীয় সরকার বিভাগের সচিব সভায় অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রতিবন্ধীদের দুর্যোগে-পূর্ব, দুর্যোগের সময় এবং দুর্যোগের পরবর্তী সময়ে বিপদাপন্ন অবস্থা থেকে উদ্ধার করা তথা সহায়তা প্রদানের বিষয়ে উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিদের প্রতিবন্ধিতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।



স্বাস্থ্য সচিব সভাকে জানান যে, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় ট্রমা ও মানসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা অন্তর্ভুক্তির লক্ষ্যে মাস্টার ট্রেনার তৈরির জন্য প্রথম ব্যাচে সরকারি ও বেসরকারি ২২ জন কর্মকর্তাকে প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

‘ক্রাইসিস ম্যানেজমেন্ট’ বিষয়ে স্থানীয় পর্যায়ে সাড়া দানকারী দক্ষ জনবল তৈরির লক্ষ্যে মাস্টার ট্রেনারগণ ৫টি ব্যাচে ১০০ জন অংশগ্রহণকারীকে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় ট্রমা ও মানসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।

মাস্টার ট্রেনার তৈরির লক্ষ্যে প্রশিক্ষণের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীদের ৬টি গুপে বিভক্ত করে কক্সবাজারের বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের জন্য নির্মিত ক্যাম্পে ৫ দিনব্যাপী মাঠ সংযুক্তি সম্পন্ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণার্থীবৃন্দ ক্যাম্পে ১,০৩৯ জনকে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করেছে।

প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ঢাকা সম্মেলন যা প্রতিবন্ধীদের নিয়ে প্রথম আন্তর্জাতিক সম্মেলন হিসেবে স্বীকৃত সে সম্মেলনে অংশগ্রহণকারী ১৮টি দেশের প্রতিনিধি, ইউএনআইএসডিআর, প্রতিবন্ধী ব্যক্তি ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থানা নিয়ে কর্মরত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বেসরকারি সংগঠন, পেশাজীবী ও শিক্ষাবিদ, প্রতিবন্ধী ব্যক্তিদের দল ও সংগঠন, দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক উন্নয়ন সংস্থা এবং অন্যান্য উন্নয়ন খাতের প্রতিনিধিত্বকারীগণ অংশগ্রহণ করেন। তারই ধারাবাহিকতায় দ্বিতীয় সম্মেলন আয়োজন করা হচ্ছে।

সভায় সায়মা হোসেন বলেন, প্রতিবন্ধীদের সহযোগিতায় সকলকে আন্তরিকতা ও মমতা নিয়ে এগিয়ে আসতে হবে। প্রতিবন্ধীদের চলার ও বেঁচে থাকার পথ সুগম করে দিতে হবে। একে সামাজিক আন্দোলন হিসেবে সমাজের সকল স্তরে ছড়িয়ে দেয়ার উপর তিনি গুরুত্বারোপ করেন।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)

সিনিয়র তথ্য অফিসার

০১৯৪৩৪৪৬৩২৩